দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 05 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ... ......

# পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা এ বছরই বাতিল দাবি

■ **ইত্তেফাক রিপোর্ট**

পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা বাতিলের দাবি জানিয়েছেন
চলতি বছরের মধ্যেই পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা বাতিলের দাবি জানিয়েছেন
অভিভাবকরা। গতকাল শনিবার সকালে ভিকারুননিসা নুন স্কুলের সামনে এক
মানববন্ধনে এ দাবি জানান তারা। মানববন্ধনে অভিভাবকরা বলেন, শিশুর মানসিক
বিকাশের প্রয়োজনে এবং হয়রানি থেকে বাঁচতে এ বছরই পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা
বাতিল করতে হবে। কোমলমতি শিক্ষার্থীরা কিছু বোঝার আগেই তাদের উপর
পরীক্ষার বোঝা চাপিয়ে দেয়া হয়। এ পরীক্ষা শারীরিক ও মানসিক চাপ ছাড়া আর
কিছুই নয়। তারা আরো বলেন, যেহেতু সরকার ইতোমধ্যে পঞ্চম শ্রেণির সমাপনী
পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে, তাই এ সিদ্ধান্ত এ বছর থেকেই চালু করা হোক।

আন্দোলনে নেতৃত্বদানকারী দিলারা আক্তার বলেন, 'আমরা ইতোমধ্যে আমাদের
দাবিগুলো সরকারের সংশ্লিষ্টদের জানিয়েছি। একমাসের মধ্যে এ বিষয়ে সরকারকে
সিদ্ধান্তে আসতে হবে। অন্যথায় আমরা কঠোর আন্দোলনে যেতে বাধ্য হব।

এদিকে একই দাবিতে গতকাল উত্তরাস্থ বিএনএস সেন্টারের সামনে উত্তরা
হাইস্কুল এন্ড কলেজ, মাইলস্টোন স্কুল এন্ড কলেজ, এলপ্রিএস স্কুল, নবাব হাবিবুল্লাহ
স্কুল, পরশমনি স্কুল, উত্তরখান স্কুল অভিভাবক ঐক্য ফোরামের যৌথ উদ্যোগে
উত্তরার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অভিভাবকদের সমন্বয়ে এক মানববন্ধন কর্মসূচি
অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ফোরামের সভাপতি জিয়াউল কবির দুলু, এইচ
এ মানিক, হাজী শহিদুল ইসলাম প্রমুখ।

বক্তারা এবছরই ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা বাতিল করার দাবি জানান।
তারা প্রশ্ন রাখেন একজন শিক্ষার্থী কতবার প্রাথমিক সমাপনী পরীক্ষা দেবে।
সরকার ইতিমধ্যে ঘোষণা করেছেন ২০১৭ সালে ৮ম শ্রেণিতে প্রাথমিক সমাপনী
পরীক্ষা অনুষ্ঠিত হবে। কিন্তু কেন ২০১৬ সালে এই শিক্ষার্থীরাই ৫ম শ্রেণিতে
সমাপনী পরীক্ষা দেবে। এদেরকেই আবার ২০১৯ সালে ৮ম শ্রেণির প্রাথমিক
সমাপনী পরীক্ষায় অংশ নিতে হবে। বক্তারা আরো বলেন, যতক্ষণ পর্যন্ত ২০১৬
সালের ৫ম শ্রেণির পিএসসি পরীক্ষা বাতিল ঘোষণা না করা হবে, ততদিন
সারাদেশের স্কুলে স্কুলে মানববন্ধন কর্মসূচি পালন করা হবে।